

**অভিযোগ প্রতিকার ব্যবস্থাকরণ সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত তৃতীয় প্রান্তিকের অংশীজনের  
সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ আজিজুল ইসলাম  
অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
তারিখ : ২৫ মে, ২০২১  
সময় : বেলা ১১:৩০ টা  
স্থান : অনলাইন সিস্টেম।  
উপস্থিত সদস্য : রেকর্ডেড।


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উপসচিব (প্রশাসন-৩) মোছাঃ মোর্শেদা ফেরদৌস আলোচ্যসূচি অনুযায়ী সভায় বিভিন্ন বিষয় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, এ অর্থ-বছরে জুলাই থেকে মে পর্যন্ত এ বিভাগের জিআরএস সিস্টেমে প্রাপ্ত অভিযোগের সংখ্যা ৯টি। দপ্তর/সংস্থার প্রতিবেদন থেকেও দেখা যায় তাদের ক্ষেত্রেও প্রাপ্ত অভিযোগের সংখ্যা খুব কম। এ থেকে ধারণা করা যায় অন-লাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে জনগণের খুব বেশী ধারণা নাই। এ পরিপ্রেক্ষিতে সভাপতি দপ্তর/সংস্থা কর্তৃক আয়োজিত বিভিন্ন গণশুনানি এবং অন্য যে কোনো স্টেকহোল্ডার সভায় অন-লাইন অভিযোগ দাখিলের বিষয়ে জনগণকে জানানোর ওপর গুরুত্বরোপ করেন।

০২। এছাড়া, জ্বালানি সংক্রান্ত যে কোনো অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে যথাযথভাবে নিষ্পত্তি করা, অনীক ও আপীল কর্মকর্তার তথ্য হালনাগাদ রাখা এবং অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে কোনো প্রতিবন্ধকতা/সীমাবদ্ধতা পরিলক্ষিত হলে তা এ বিভাগকে জানানোর বিষয়ে সভায় আলোচনা হয়।

০৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কার্যক্রম সংশ্লিষ্ট যে কোন অভিযোগ দ্রুততম সময়ের মধ্যে যথাযথভাবে নিষ্পত্তি করার জন্য ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তিকরণ কর্মকর্তা ও আপীল কর্মকর্তা সচেষ্ট থাকবে।
- খ) দপ্তর/সংস্থার অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা ও আপীল কর্মকর্তার তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ রাখতে হবে।
- গ) দপ্তর/সংস্থা কর্তৃক আয়োজিত যে কোনো গণশুনানি ও স্টেকহোল্ডার সভায় অন-লাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে জনগণকে জানাতে হবে।
- ঘ) দপ্তর/সংস্থা কর্তৃক অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিষয়ে কোন প্রতিবন্ধকতা/সীমাবদ্ধতা পরিলক্ষিত হলে এ বিভাগকে অবহিত করতে হবে।

০৫। অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মোঃ আজিজুল ইসলাম)  
অতিরিক্ত সচিব  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ